মুহিব খান

# তৃষ্ণা মেটে না মোর

প্রকাশক এবং স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এ বইয়ের কোনো অংশের পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না, যান্ত্রিক উপায়ে কোনো প্রতিলিপি করা যাবে না, ডিস্ক বা তথ্য সংরক্ষণের কোনো যান্ত্রিক পদ্ধতিতে উৎপাদন বা প্রতিলিপি করা যাবে না। এ শর্তের লঙ্ঘন দেশীয় ও ইসলামি আইনি দৃষ্টিকোণ থেকে দণ্ডনীয়।

মুহিব খান

# তৃষ্ণা মেটে না মোর

প্রকাশনায়

রাহনুমা প্রকাশনী ™

## অর্পণ

এ কবিতা গান
এ হৃদয় প্রাণ
চিরদিন যারে চায়

# ভূমিকা

সব গ্রন্থের ভূমিকা লাগবেই—এমন কোনো নিয়ম নেই। সব অনুভূতির সব ব্যাখ্যা সবার জানতে হবেই—এমনও কোনো কথা নেই। কবিতা কোনো দায় নয়, দায়মুক্তি। কিছু কবিতা নিতান্তই স্বগতোক্তি। এর আগে বা পরে কোনো প্রশ্ন নেই, জিজ্ঞাসা নেই। থাকতেও নেই। কবিতা কবিতাই।

এ বইয়ের পঞ্চাশটি কবিতার তিনটি অনেক আগের লেখা, বাকি সবগুলো ২০১৯ থেকে ২২-এ। নয়টি কবিতা বিভিন্ন পটভূমির। বাকি ঊনচল্লিশটি কবিতার পটভূমি এক, একান্ত ও চিরদিনের। মানুষ তৃষ্ণায় মরে, কবিরা তৃষ্ণাতেই বাঁচে। কবিরা কবি—তাই।

**মুহিব খান**
বাগিচা প্যালেস
যাত্রাবাড়ি, ঢাকা
জানুয়ারি, ২০২২

# সূচিপত্র


- তৃষ্ণা মেটে না মোর!—১৩
- শুধুই ব্যথার দান—১৫
- কেউ কারও নয়—১৬
- অমর—১৭
- ঘোর কুয়াশা—১৮
- নতুন সফর—১৯
- ‘কবিস্তান’—২০
- দু দুয়ারী ঘর—২১
- তোমায় পড়ে গো মনে!—২২
- ও রজনীগন্ধ্যা!—২৪
- অনেক ভালোবাসি—২৫
- কেন চলে যাও দূরে!—২৬
- শূন্য ঘরে—২৭
- আসল ফাগুন—২৮
- হৃদয়বীণা—২৯
- অশ্রুপাত—৩০
- কান্না উপহার—৩১
- একদা এখানে—৩২
- ফিরে যাও—৩৩
- এই তো ভালোবাসা—৩৪
- বৃষ্টি ফুল—৩৬
- তুমি আমি বহু দূর...—৩৭
- মনে কর—৩৮
- আবার সেদিন—৩৯

- আমিই জানি—৪০
- নীরবেই চলে যাও—৪১
- পথে এসো—৪২
- তাকে যেতে দাও—৪৩
- বুঝবে সেদিন—৪৪
- প্রেম অভিধানে—৪৫
- ফিরবে না এই দিন—৪৬
- সে কোথায়—৪৮
- জীবন মানে—৫০
- তাকে ছেড়ে দাও—৫১
- কে তুমি?—৫২
- সিদ্ধান্ত—৫৩
- যুদ্ধ আছে—৫৪
- কেন ফোটে সকালের ফুল—৫৫
- নিজকে চেনো—৫৬
- একটি গোলাপ যত্নে রেখো—৫৭
- শূন্যে ভাসা আলো—৫৯
- ইস্তিখারায় লাভ হবে না—৬০
- তুমি তো আমারই প্রিয়—৬১
- একলা এসো চলে—৬২
- কী হত এমন—৬৩
- জীবনের দায়—৬৪
- তুমি বলেছিলে তাই—৬৫
- আমি আসবই—৬৬
- তুমি আসবেই—৬৮
- কবি কিছু নয় আর..—৬৯

## তৃষ্ণা মেটে না মোর!

কত দিন হল সন্ধ্যে আমার
কত রাত হল ভোর!
তৃষ্ণা মেটে না! তৃষ্ণা মেটে না!
তৃষ্ণা মেটে না মোর!

কত নদী কত মোহনা পেরিয়ে
চলেছে জীবনতরী!
কত সুধা, কত দুধ-মধু-জাম
গিলেছি আঁজল ভরি!

ক্ষুধা মিটে যায়, দেহ বল পায়,
জাগে না প্রাণের জোর!
তৃষ্ণা মেটে না! তৃষ্ণা মেটে না!
তৃষ্ণা মেটে না মোর!

কত রোদ কত বৃষ্টি ঝরেছে
জীবনের এই পথে!
কুড়িয়েছি কত শত রঙ ফুল
কত না কানন হতে!

কেটে গেছে কত প্রহর আমার
কাটে না প্রাণের ঘোর
তৃষ্ণা মেটে না! তৃষ্ণা মেটে না!
তৃষ্ণা মেটে না মোর!